প্রথম আলো

তারিখ ..... 12 JAN 2017
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৬ ... ......

# গতানুগতিক উচ্চশিক্ষার ধারণা পরিবর্তন দরকার

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●**

গতানুগতিক উচ্চশিক্ষার ধারণা পরিবর্তন হওয়া জরুরি বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেছেন, সবাই চার-পাঁচ বছরের স্নাতক-স্নাতকোত্তর শেষ করে চাকরির পেছনে ছুটবে, সেটা হতে পারে না।

গত সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে অবস্থিত ব্রিটিশ কাউন্সিলের একটি প্রকল্পের প্রতিবেদন প্রকাশকালে মন্ত্রী এসব কথা বলেন। অনুষ্ঠানে ব্রিটিশ কাউন্সিলের এ-দেশীয় প্রতিনিধি বারবারা উইকহ্যাম, ইউজিসির চেয়ারম্যান আবদুল মান্নান প্রমুখ বক্তব্য দেন। ইউজিসির সাবেক চেয়ারম্যান এ কে আজাদ চৌধুরী, বুয়েটের উপাচার্য সাইফুল ইসলাম প্রমুখ উপস্থিত ছিলেন।